

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## এইচএসসি পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং : পনি/উমা/ বিজ্ঞপ্তি-১৫/৫৬

তারিখ : ২৭-০৩-২০২৪ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে আদেশক্রমে অনুরোধ করা হলো।

- ২। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনদারী ও নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।
- (খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনী পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রালপালসি বা বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।
- (গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক প্রস্তুতিমূলক পরীক্ষা গ্রহণ করতে পারে কিন্তু এই পরীক্ষা পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি দার্য বা আদায় করা যাবে না।
- ৩। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে যশোর শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে এবং সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।
- ৪। এইচএসসি পরীক্ষা-২০২৪ শুরু তারিখ : ৩০-০৬-২০২৪ (রবিবার)।
- ৫। ইলেক্ট্রনিক ফরম ফিলাপ (EFF) এর কার্যক্রম ও পরীক্ষার ফি এর হার নিম্নে প্রদত্ত হলো :

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
ক	রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ :	৩০-০৩-২০২৪
খ	জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কলেজে অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ : নোট : যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৩ সালে আংশিক বিষয়ে ফরমপূরণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেরিব্রালপালসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।	৩০-০৩-২০২৪
গ	রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ : নোট : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনদারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৩ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৪ সালে ঐ এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ৩০০/ (তিনশত টাকা)। এক্ষেত্রে সংশ্লিষ্ট ফিস ফরমপূরণের ফি'এর সাথে স্বয়ংক্রিয়ভাবে যোগ হয়ে যাবে (আলাদাভাবে রেজিস্ট্রেশন নবায়ন করার প্রয়োজন হবে না)।	০৪-০৪-২০২৪
ঘ	নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফলা প্রকাশের শেষ তারিখ :	৩১-০৩-২০২৪
ঙ	যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রতিষ্ঠানসমূহ যশোর বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে Institute Panel এ ক্লিক করে EHN ও Password দিয়ে Login করলে Probable List পাওয়া যাবে।	০৪-০৪-২০২৪
চ	প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে "সোনালী সেবার" মাধ্যমে ফিস জমা দানের তারিখ : উল্লেখ্য, (ক) একই নামের একাধিক শিক্ষার্থী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। (খ) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে।	১৬-০৪-২০২৪ থেকে ২৫-০৪-২০২৪
ছ	পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত টাকা) হারে বিলম্ব ফি সহ "সোনালী সেবার" মাধ্যমে ফিসের অর্থ জমা দেয়ার তারিখ	২৬-০৪-২০২৪ হতে ০২-০৫-২০২৪

অপর পাতায়-